দৈনিক বাংলা
তারিখ 13 AUG 1993
পৃষ্ঠা ৮ কলাম ৬

140

# বেসরকারী শিক্ষক সমিতির কর্মসূচী ঘোষণা

বাংলাদেশ বেসরকারী শিক্ষক সমিতি ৩-দফা দাবী আদায়ের লক্ষ্যে আন্দোলনের কর্মসূচী গ্রহণ করেছে।

গৃহীত কর্মসূচীর মধ্যে রয়েছে ১৪ থেকে ২২ আগস্ট কালো ব্যাজ ধারণ, ২৩ থেকে ২৮ আগস্ট শিক্ষক-শিক্ষিকাদের কর্মবিরতি, ৫ সেপ্টেম্বর থানা নির্বাহী অফিস ও থানা শিক্ষা অফিস এবং ১৫ সেপ্টেম্বর জেলা প্রশাসক ও জেলা প্রাথমিক শিক্ষা অফিস ঘেরাও, অবস্থান ধর্মঘট ও স্মারকলিপি পেশ। ১৬ সেপ্টেম্বরের মধ্যে দাবী মেনে না নিলে ঐদিন থেকে সমিতি বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বর্জন ও ১৭ অক্টোবর প্রধানমন্ত্রীর সচিবালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালন করবে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।